

দেশের প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় শিক্ষিত করতে বছরে ৩০ নারী শিক্ষার্থীকে পড়াশোনার খরচ দেবে বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশন (এফবিসিসিআই)। বৃত্তিপ্রাপ্তরা এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনে (এইউডব্লিউ) পড়াশোনার সুযোগ পাবেন। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়টির সঙ্গে এ সংক্রান্ত সমঝোতা স্মারক সই করেছে এফবিসিসিআই। এফবিসিসিআইয়ের পক্ষে সভাপতি মো. জসিম উদ্দিন ও এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের পক্ষে উপাচার্য রুবানা হক ৫ বছর মেয়াদি এ সমঝোতা স্মারকে সই করেন।

এর মাধ্যমে সমাজে নারী ক্ষমতায়ন ও উন্নয়ন প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ আরও বাড়বে বলে মনে করেন সভাপতি মো. জসিম উদ্দিন। এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের উপাচার্য অন্তর্ভুক্তিকরণকে প্রধান লক্ষ্য হিসেবে কাজ করা জরুরি বলে মনে করেন।

advertisement 3

এফবিসিসিআইর সিনিয়র সহসভাপতি মোস্তফা আজাদ চৌধুরী বাবু বলেন, এফবিসিসিআই সাবেক সভাপতি ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক মেয়র আনিসুল হক বিভিন্ন জেলা চেম্বার ও অ্যাসোসিয়েশনের অবকাঠামোগত উন্নয়নে যে ভূমিকা রেখেছেন তা ব্যবসায়ীরা সারাজীবন মনে রাখবেন। এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল আহমেদ বলেন, দেশের অর্ধেক জনগোষ্ঠী নারীদের পেছনে রেখে দেশ এগোতে পারবে না।

advertisement 4